

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৮.১৪.

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪
১২ মার্চ ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ মুশফিকুর রহমান (১৩৭৯০), প্রভাষক, (ব্যবস্থাপনা), বরেন্দ্র সরকারি কলেজ, রাজশাহী এমফিল গবেষণার উদ্দেশ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ম্যানেজমেন্ট স্ট্যাডিজ বিভাগে ভর্তি হলেও গবেষণা সংক্রান্ত কোন কাজ করেননি। তিনি সত্য গোপন করে জালিয়াতির আশ্রয় নিয়েছেন, তদন্ত কমিটির কাছে মিথ্যা সাক্ষ্য দিয়েছেন এবং তদন্ত কাজে অসহযোগিতা করেছেন। উপরন্তু, তিনি কোর্স সুপার ভাইজার ড. মোঃ সাইফুল ইসলাম, ম্যানেজমেন্ট স্ট্যাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর নামে আরো একটি অগ্রগতিপত্র জমা দিয়েছেন। বর্ণিত অগ্রগতিপত্রটি সম্পর্কে ড. মোঃ সাইফুল ইসলাম লিখিতভাবে জানিয়েছেন যে, এই অগ্রগতিপত্রটি জাল করে সৃজন করা হয়েছে। তার বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য বা বিবৃতি প্রদান ও জাল সার্টিফিকেট তৈরী করার অভিযোগে মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি নোটিশের জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় বিধি অনুযায়ী তার বিরুদ্ধে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে অনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ মুশফিকুর রহমান (১৩৭৯০), প্রভাষক, (ব্যবস্থাপনা), বরেন্দ্র সরকারি কলেজ, রাজশাহী এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-

তারিখ: ০৮.০৩.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)


সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৮.১৪.

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪
১২ মার্চ ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ মুশফিকুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বরেন্দ্র সরকারি কলেজ, রাজশাহী।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৮। জনাব মোঃ মুশফিকুর রহমান (১৩৭৯০), প্রভাষক, (ব্যবস্থাপনা), বরেন্দ্র সরকারি কলেজ, রাজশাহী।


২২/০৬/২০১৮
(জাকিয়া খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৫৩২৭৬